গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## এপ্রিল/২০২৪ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ৩০/০৪/২০২৪, দুপুর ০১.৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় মার্চ/২০২৪ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** মার্চ/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):**উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত প্রকল্পের বিল ভাউচার সভায় উপস্থাপন করা হয়।

| ক্রমিক নং | উপ-প্রকল্পের নাম | নীট বিলের পরিমাণ | ভ্যাট এর পরিমাণ | আইটি এর পরিমাণ | সর্বমোট বিলের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ০১ | ১৪টি কমিউনিটি ক্লিনিকে মেডিক্যাল ও নন-মেডিক্যাল উপকরণ সরবরাহকরণ এবং ০৮টি কমিউনিটি ক্লিনিকে ব্রেস্ট ফিডিং কর্ণার স্থাপন করা। | ১৩,৫৪,৫৩১.০০ | ২,০৪,৬১৯.০০ | ৪৮,২২২.০০ | ১৬,০৭,৩৭২.০০ |
| | | ১৩,৫৪,৫৩১.০০ | ২,০৪,৬১৯.০০ | ৪৮,২২২.০০ | ১৬,০৭,৩৭২.০০ |

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা প্রকৌশলী কতৃক উপস্থাপিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় উপরোক্ত কাজের বিল নীতিমালা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), কাকরাইল, ঢাকা বরাবরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতে গৃহীত ''জনমঙ্গল সরকারি প্রাথমিক স্কুলের বাউন্ডারী ওয়াল নির্মাণ'' প্রকল্পটি পরিবর্তন করে ''কাদিপুর গ্রামের পশ্চিমে স্কুল বাড়ীর রাস্তা হতে সানুর মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা সিসি ঢালাই'' প্রকল্পটি অনুমোদন ও বাস্তবায়নের জন্য উপস্থাপন করেন।

সিদ্ধান্ত-২: সংশোধিত প্রকল্পটি অনুমোদন করা হয় এবং আরএফকিউ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।



CamScanner

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : অনুপস্থিত।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৬। **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৮। **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৯। **শিক্ষা বিভাগ** : উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১২। **সমবায় বিভাগ:** অনুপস্থিত।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : সহকারী প্রকৌশলী জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : অনুপস্থিত।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত** : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**(খ) সর্বজনীন পেনশন স্কীম সংক্রান্ত** : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৮ মার্চ ২০২৪ তারিখের ০৩.০০.০০০০.০৮২.৯৯.৮৪.২০২৪-১৮ নম্বর স্মারকে সর্বজনীন পেনশন স্কীম সম্পর্কে জনগণকে সম্যকভাবে অবহিত ও আগ্রহী করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে সভা সমাবেশ, র‌্যালি, উদ্বুদ্ধকরণ মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। এরূপ উদ্বুদ্ধকরণ কার্যক্রমে জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ, বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ, গণমাধ্যমকর্মী ইত্যাদি কমিউনিটিকে সম্পৃক্ত করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা বাস্তবায়নে তিনি জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত: সর্বজনীন পেনশন স্কীম সম্পর্কে জনগণকে সম্যকভাবে অবহিত ও আগ্রহী করার লক্ষ্যে উপজেলা/ইউনিয়ন পর্যায়ে সভা সমাবেশ, র‌্যালি, উদ্বুদ্ধকরণ মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি আয়োজনসহ উদ্বুদ্ধকরণ কার্যক্রমে জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংস্কৃতিক



CamScanner

ব্যক্তিত্ব, সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ, বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ, গণমাধ্যমকর্মী ইত্যাদি কমিউনিটিকে সম্পৃক্ত করতে জনপ্রতিনিধিগণকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: জনপ্রতিনিধি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**(গ) মহল্লাদার নিয়োগ সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, এ উপজেলার ৮টি ইউনিয়নে মহল্লাদারের ১৫টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ২২ আগস্ট ২০২৩ তারিখের ০৫.৪৬.৯১৩১.০০০.০৭.০০৫. ২২.৭৩১(৫০) নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ০৯টি আবেদন পাওয়া যায়। প্রাপ্ত আবেদনগুলো বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাই ও মৌখিক পরীক্ষা গ্রহণক্রমে ২ জন প্রার্থী যথাক্রমে ১। আব্দুল গফুর, পিতা- মৃত আব্দুস সালাম, মাতা- আবিদা বেগম, গ্রাম- শৈষ্যউরা, কামালবাজার, দক্ষিণ সুরমা, সিলেট কে কামালবাজার ইউনিয়নের ০১ নম্বর ওয়ার্ডের মহল্লাদারের শূন্য পদে এবং ২। কানন চন্দ্র দাস, পিতা- কাঞ্চন চন্দ্র দাস, মাতা- রেবা রানী, গ্রাম- সেনগ্রাম, জালালপুর, দক্ষিণ সুরমা, সিলেট কে জালালপুর ইউনিয়নের ০২ নম্বর ওয়ার্ডের মহল্লাদারের শূন্য পদে নিয়োগের সুপারিশ করা হয় এবং ৮টি ইউনিয়নের মহল্লাদারদের অবশিষ্ট শূন্য পদে পু:নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি বিষয়টি উপজেলা পরিষদের সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত: গ্রাম পুলিশ নিয়োগ বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী নিয়োগের পরবর্তী কার্যক্রম গ্রহণ এবং অবশিষ্ট শূন্য পদে মহল্লাদার নিয়োগের বিজ্ঞপ্তি পূণ: প্রকাশের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪.৬৭৪/২ তারিখঃ ৩০ এপ্রিল, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ..........................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ..............................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা .........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.................................. সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

**পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে**

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান ভারপ্রাপ্ত, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| **উপস্থিত কর্মকর্তাঃ** | **অনুপস্থিত কর্মকর্তাঃ** |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট<br>৩। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট |



CamScanner